দৈনিক সংবাদ

তারিখ ... ... ... 06 2002
পৃষ্ঠা ৭ কলাম ৩

# দু'টি ছাত্র সংগঠনের মধ্যে সংঘর্ষের জের কলেজ বন্ধ ঘোষণা

গোপালগঞ্জ থেকে নিজস্ব সংবাদদাতা ঃ কোটালীপাড়া উপজেলার শেখ লুৎফর রহমান সরকারি ডিগ্রি কলেজের ক্লাস অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে।

কলেজ ছাত্রছাত্রী সংসদের আসন্ন নির্বাচনকে কেন্দ্র করে ২৮শে আগস্ট ছাত্রলীগ ও ছাত্রদলের মধ্যে এক সংঘর্ষের পর চরম উত্তেজনা বিরাজ করায় কর্তৃপক্ষ কলেজের ক্লাস বন্ধ ঘোষণা করেন। ওইদিন ছাত্রলীগ কলেজ চত্বরে একটি মিছিল বের করলে ছাত্রদল পাল্টা মিছিল বের করে। মিছিল চলাচালে মিছিলকারীরা পরস্পর মুখোমুখি হলে সংঘর্ষ বাধে। সংঘর্ষে কমপক্ষে ৫০ জন ছাত্র আহত হয়। আহত ছাত্রদের মধ্যে গুরুতর দু'জনকে ফরিদপুর মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠানো হয়। ৩ জনকে কোটালীপাড়া থানা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। বাকিদের প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেয়া হয়।